



## জুলাই সনদে মতামত জমা দেওয়ার সময় বাড়াল ঐকমত্য কমিশন



সংগৃহীত ছবি

রাজনৈতিক দলগুলোকে জুলাই সনদ নিয়ে মতামত দেওয়ার সময়সীমা বাড়িয়েছে ঐকমত্য কমিশন। আগামী ২২ আগস্ট বিকেল ৩টা পর্যন্ত মতামত জমা দেওয়া যাবে। ইতিমধ্যে বিএনপি তাদের মতামত জমা দিয়েছে। সনদের খসড়ায় বেশ কিছু ঐতিহাসিক ঘটনার উল্লেখসহ আইনগত বাধ্যবাধকতার প্রস্তাব রাখা হয়েছে।

জুলাই সনদ নিয়ে রাজনৈতিক দলগুলোর মতামত জমা দেওয়ার সময়সীমা বাড়িয়েছে জাতীয় ঐকমত্য কমিশন। বুধবার (২০ আগস্ট) কমিশনের পাঠানো এক বার্তায় জানানো হয়, আগামী শুক্রবার (২২ আগস্ট) বিকেল ৩টা পর্যন্ত মতামত জমা দিতে পারবে দলগুলো।

একইদিন বিএনপি জানায়, তারা ইতোমধ্যেই জুলাই সনদ বিষয়ে নিজেদের মতামত কমিশনের কাছে পাঠিয়েছে। এ তথ্য নিশ্চিত করেন দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ।

এর আগে গত ১৬ আগস্ট রাজনৈতিক দলগুলোর কাছে জুলাই সনদের খসড়া পাঠানো হয়। খসড়ায় পটভূমি হিসেবে উল্লেখ করা হয়েছে— পিলখানা হত্যাকাণ্ড, শাপলা চত্বরের ঘটনা এবং ২০১৮ সালের কোটা আন্দোলন।

চূড়ান্ত খসড়ায় বলা হয়েছে, সনদের বিধান, প্রস্তাব ও সুপারিশ সাংবিধানিক ও আইনগতভাবে বলবৎ থাকবে। ফলে এর বৈধতা, প্রয়োজনীয়তা বা জারির কর্তৃত্ব নিয়ে আদালতে প্রশ্ন তোলা যাবে না। এছাড়া যেসব সুপারিশ অবিলম্বে কার্যকরযোগ্য, সেগুলো জাতীয় সংসদ নির্বাচনের আগেই সরকারকে বাস্তবায়ন করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।